**জমি / বাড়ি / ফ্ল্যাট**



জমি / বাড়ি / ফ্ল্যাট/ দোকান / গ্যারেজ / অফিস - "কিনতে" অথবা "বিক্রি" করতে চাইলে যোগাযোগ করুন - 9062867921



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



**হলি ডে হোম বুকিং**



দর্শনীয় ভ্রমণের জায়গা- **হোটেল/রিসোর্ট :-** তারাপীঠ,দিঘা ,পুরী, চিলকা, দার্জিলিং,আন্দামান । **হোম স্টে :-** আলিপুরদুয়ার। **বাগান বাড়ি :-** খেজুরি-পূর্ব মেদিনীপুর। বুকিং এর জন্য যোগাযোগ করুন "**এই যুগ**" অফিসে। ফোন নং: **৯০৬২৮৬৭৯২১** ।





HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 6 OCTOBER 2025 ,MONDAY | ৬ অক্টোবর ২০২৫ ,সোমবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-410


## মালদা থেকে উদ্ধার নাবালিকা



মলয় দেবনাথ , এই যুগ, আলিপুরদুয়ার,৫ অক্টোবর : মালদা থেকে এক নাবালিকা কে উদ্ধার করে আনলো ভাটিবাড়ী ফাঁড়ির পুলিশ এমনটাই জানা গেছে রবিবার সন্ধ্যা সাড়ে ৬ টা নাগাদ। শামুকতলা থানা এলাকার এক নাবালিকা যার বয়স ১৫ বছর ৭ মাস বাড়ি থেকে নিখোঁজ হয়ে যায়। তার পরিবারের পক্ষ থেকে একটি নিখোঁজের অভিযোগ দায়ের হয়। অভিযোগ পেয়ে পুলিশ তদন্ত শুরু করে। ট্রেনে করে কলকাতার উদ্দেশ্যে কারো হাত ধরে রওনা দেয় ওই নাবালিকা। মালদায় জিআরপির সঙ্গে যোগাযোগ করে ভাটিবাড়ী পুলিশ। জিআরপি পুলিশ নাবালিকাকে ট্রেন থেকে উদ্ধার করে তাদের হেফাজতে রাখে এরপর পুলিশ গিয়ে তাকে উদ্ধার করে ভাটিবাড়িতে নিয়ে আসে। ভাটিবাড়ী ফাঁড়ির ওসি দীপায়ন সরকার জানিয়েছেন নাবালিকাকে কাউন্সিলিং করে তার পরিবারের হাতে তুলে দেওয়া হবে।

## টানা বৃষ্টিতে ভাঙ্গলো দুধিয়া সেতু ,পাহাড়ে ধসে মৃত্যু কুড়িজনের



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ৫ অক্টোবর : শনিবার রাতের লাগাতার বর্ষনে দার্জিলিং পাহাড় সহ সমতলের বিস্তীর্ণ এলাকা হয়ে পড়েছে বিপর্যস্ত। এপর্যন্ত পাওয়া খবরে জানা গেছে পাহাড়ে ধসের ফলে মারা গিয়েছেন কুড়িজন। ধসের ফলে বহু বাড়িঘর ও রাস্তা বিলীন হয়ে গিয়েছে। ভেঙ্গে গিয়েছে শিলিগুড়ি থেকে মিরিক যাবার পথে দুধিয়া সেতু। বিচ্ছিন্ন হয়ে পড়েছে শিলিগুড়ি মিরিক যোগাযোগ ব্যবস্থা। পরিস্থিতি খতিয়ে দেখতে জেলাশাসক প্রীতি গোয়েল, শিলিগুড়ির মেয়র গৌতম দেব ও অন্যান্য আধিকারিকগন দুধিয়া সহ অন্যান্য বন্যা কবলিত এলাকাগুলি পরিদর্শন করেন। জেলাশাসক জানান প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা হয়েছে। সেতুটি কিভাবে মেরামত করা যাবে বা বিকল্প ব্যবস্থা গ্রহন করে কিভাবে যোগাযোগ ব্যবস্থা দ্রুত স্বাভাবিক করা যাবে তা নিয়ে চিন্তা ভাবনা শুরু করা হয়েছে।

## হরপা বানে নদীতে ভেসে যাচ্ছে বন্য জন্তু ,ভয়াবহ অবস্থা আলিপুরদুয়ারে



মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার, ৫ অক্টোবর : ভয়াবহ পরিস্থিতি আলিপুরদুয়ার জেলায়। বন্য জন্তু ভেসে যাচ্ছে নদীতে, যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন আলিপুরদুয়ার শহরের সঙ্গে ফালাকাটার। টানা বৃষ্টিপাত ও তোর্সা ও শিসামারা নদীর প্রবল স্রোতে ২১৬.৫১ বর্গকিলোমিটার বিস্তৃত জলদাপাড়া জাতীয় উদ্যানে ব্যাপক ধ্বংসযজ্ঞ নেমে এসেছে। বন্যপ্রাণী ও মানুষের জীবন—দু'টিই এখন বিপন্ন অবস্থায়। প্রশাসনিক কর্তারা তৎপরতা শুরু করেছেন জেলার বিভিন্ন প্রান্তে গিয়ে। তোর্সা নদীর ফুলে উঠা স্রোত ভেসে নিয়ে গেছে অসংখ্য প্রাণী, যার মধ্যে রয়েছে একশৃঙ্গ গণ্ডার, চিতা, গরু ও হরিণ। বন দফতরের কর্মী ও স্থানীয় বাসিন্দারা অসহায় ভাবে দেখেছেন কীভাবে প্রাণীরা বাঁচার চেষ্টা করছে। তবে সৌভাগ্যবশত দুইটি গণ্ডার প্রবল স্রোত অতিক্রম করে শিমলাবাড়ি ও সুরিপাড়ার মানব বসতিতে পৌঁছে নিজেদের প্রাণ বাঁচাতে সক্ষম হয়েছে। সংকট আরও ঘনীভূত হয়, যখন ভুটানের ফুয়েন্টশোলিং অঞ্চলের বন দফতরের কাঠের গুদাম থেকে হাজার হাজার পাইনের গাছের গুঁড়ি তোর্সার জলে ভেসে এসে ভারতের অংশে প্রবেশ করে নদীর স্রোতকে আরও তীব্র করে তোলে। সেই ভাসমান গাছের আঘাতে মাদারিহাট থেকে রাজ্য পর্যটন দফতরের পরিচালিত জলদাপাড়া ট্যুরিস্ট লজ পর্যন্ত একমাত্র কাঠের সেতুটি ভেঙে যায়। এতে অন্তত ৩০ জন পর্যটক লজে আটকে পড়েছেন। পর্যটকদের উদ্ধার করতে নামানো হয় কুনকি হাতি। আলিপুরদুয়ার-১ ব্লকের শিসামারা এলাকায় নদীর বাঁধ ভেঙে জল ঢুকে পড়ায় বহু বেসরকারি পর্যটন লজ ডুবে যায়। মোট ১৫টি লজ প্লাবিত হয়েছে, ফলে প্রায় ১২৮ জন পর্যটক সেখানে আটকে পড়েছেন। ফালাকাটা থেকে আলিপুরদুয়ার যাওয়ার বালুরঘাট ডাইভারশন বসে যাওয়ায় আলিপুরদুয়ারের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। পরিস্থিতি ক্রমশ খারাপ হওয়ায় জলদাপাড়া বন দফতর অনির্দিষ্টকালের জন্য হাতি ও জিপ সাফারি স্থগিত করেছে। বনকর্তারা আশ্বাস দিয়েছেন যে, সরকারি ও বেসরকারি লজে অবস্থানরত সকল পর্যটকই নিরাপদ আছেন এবং পরিস্থিতি উন্নত হলে তাঁদের উদ্ধার করা হবে।রবিবার দুপুর পর্যন্ত সেচ দফতর তোর্সা নদীর সুরক্ষিত ও অসুরক্ষিত দুই ধারেই 'রেড অ্যালার্ট' জারি করেছে।জলদাপাড়া বন্যপ্রাণ বিভাগীয় বন আধিকারিক পরবীন কাসওয়ান বলেন, "প্রকৃতিকে কেউ নিয়ন্ত্রণ করতে পারে না, তবে আমরা নিরলস ভাবে কাজ করছি জলদাপাড়ায় স্বাভাবিকতা ফিরিয়ে আনতে। সব পর্যটক নিরাপদে আছেন।"জেলা শাসক আর. বিমলা বলেন, "কয়েকজন পর্যটক এখনও আটকে রয়েছেন। আমরা পরিস্থিতির উপর নজর রাখছি। জল নামলেই জলদাপাড়া ট্যুরিজম লজে আটকে থাকা পর্যটকদের সরিয়ে নেওয়া হবে।"


# হলি ডে হোম বুকিং

দর্শনীয় ভ্রমণের জায়গা-

**তারাপীঠ**(হোটেল),**দিঘা**(হোটেল/রিসোর্ট) ,**পুরী**(হোটেল/ রিসোর্ট), **চিলকা**(হোটেল), **দার্জিলিং**(হোটেল), **আলিপুরদুয়ার**(হোম স্টে),**খেজুরি-পূর্ব মেদিনীপুর**(বাগান বাড়ি),**আন্দামান** (হোটেল) ।

বুকিং এর জন্য যোগাযোগ করুন "**এই যুগ**" অফিসে।

ফোন নং: **৯০৬২৮৬৭৯২১** ।



# কুনকি হাতির সাহায্যে জলদাপাড়ায় আটকে পড়া পর্যটকদের উদ্ধার করলো বন দপ্তর



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ৫ অক্টোবর : শনিবার রাতের টানা বৃষ্টিতে বন্যা পরিস্থিতি সৃষ্টি হয়েছে ডুয়ার্সের বিস্তীর্ণ এলাকায়। প্লাবিত হয়েছে মাদারীহাট সহ জলদাপাড়ার বহু এলাকা। পুজোর মরশুমে আসা অনেক পর্যটক আটকে পরেছেন জলদাপাড়া এলাকার মাদারীহাট ট্যুরিষ্ট লজে। বন দপ্তর কুনকি হাতির সাহায্যে পর্যটকদের উদ্ধার করে নিরাপদ স্থানে নিয়ে আসার ব্যবস্থা করে। এই ব্যবস্থায় খুশি পর্যটকরা।

# ময়নাতদন্ত শেষে পরিবারের হাতে তুলে দিল মৃতদেহ




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৫ অক্টোবর : আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে ময়না তদন্তের পর মৃতদেহ পরিবারের হাতে তুলে দেওয়া হয়েছে রবিবার বিকেল চারটে নাগাদ। শনিবার সন্ধ্যায় ৩১ নম্বর জাতীয় সড়কের তেলিপাড়ার টোল প্লাজায় একটি কন্টেনার এর পেছনে সজোরে ধাক্কা মারে বাইক চালক ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। তার মৃতদেহ কামাখ্যাগুড়ি পুলিশ হেফাজতে রাখা হয়েছিল। রবিবার মৃতদেহ ময়না তদন্তের জন্য আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে পাঠায়। ময়না তদন্তের পর মৃতদেহ পরিবারের হাতে তুলে দেয়। পুলিশ সূত্রে জানা গেছে মৃত ব্যক্তির বাড়ি শামুকতলা থানার কয়াখাতা এলাকায়। তার নাম সুজিত দাস । তিনি কামাক্ষ্যাগুড়ি তে একটি মিষ্টির দোকানে কাজ করতেন। তার মৃত্যুর খবর আসার পরেই শোকের ছায়া নেমে আসে এলাকায়।

# কুমারগ্রামের বন্য পরিস্থিতি পরিদর্শনে সাংসদ, জেলাশাসক, পুলিশ সুপার, বিডিও সহ অন্যান্য আধিকারিকগন



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ৫ অক্টোবর : ভূটান পাহাড়ে ও সমতলে শনিবার রাতভর অতি মাত্রায় বৃষ্টিপাতের ফলে ভুটান পাহাড় থেকে নেমে আসা রায়ডাক, সংকোষ সহ সবকটি নদীতে জলস্ফীতি ঘটেছে। রায়ডাক নদীর বাঁধ উপচে কুমারগ্রামের বহু এলাকায় জল ঢুকে পড়ায় সৃষ্টি হয়েছে বন্যা পরিস্থিতির। বহু বাড়িঘর জলের তলায়। বন্যা পরিস্থিতি পরিদর্শন করেন সাংসদ প্রকাশ চিক বরাইক, আলিপুরদুয়ার এর জেলাশাসক আর বিমলা, পুলিশ সুপার ওয়াই রঘুবংশী, কুমারগ্রামের বিডিও রজত কুমার বলিদা সহ অন্যান্য আধিকারিকগন। বন্যা কবলিত এলাকা ঘুরে জেলাশাসক জানান প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা হয়েছে। ত্রাণ সামগ্রী বিতরন করা হচ্ছে।

# পর্যটকদের আটকাতে পথ অবরোধ পর্যটন কেন্দ্রের পাশেই



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৫ অক্টোবর : প্রতি রাতেই সিকিয়া জোড়া পর্যটন কেন্দ্রের জঙ্গল থেকে হাতি বের হয়ে এলাকায় তান্ডব চালায়। বারবার বনদপ্তরের কর্মকর্তাদের বলেও ফ্যান্সিং লাইনের কাজ শেষ করছেন না তারা। শনিবার রাতেও বেশ কয়েকটি হাতি এসে ওই এলাকায় কয়েকজনের ধান নষ্ট করে দেয়। রবিবার বিকেল চারটে নাগাদ সিকিয়াঝোড়ার রাস্তা অবরোধ করেন এলাকার বাসিন্দারা। অবরোধের খবর পাওয়ার পরে ঘটনাস্থলে যায় শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদক। এলাকাবাসীর সঙ্গে আলোচনার ভিত্তিতে অবরোধ তুলে দেন কিছুক্ষণের মধ্যেই। সিকিয়া ঝোরা জঙ্গল থেকে হাতি যেন বের হতে না পারে তার জন্য ফেন্সিং লাগানো হয়েছে। বেশ কিছুটা জায়গা ফ্যানসিং লাগানো হয়নি আর সেই জায়গা দিয়েই জঙ্গল থেকে হাতির পাল বের হয়ে এলাকায় তাণ্ডব চালায়। যদিও বনদপ্তরের কর্মকর্তারা প্রতিশ্রুতি দিয়েছেন আগামী সাত দিনের মধ্যে ফেন্সিং লাইন সম্পূর্ণ করে দিবেন তারা। তবে পুলিশ সূত্রে জানা গেছে প্রায় আট থেকে নয় বিঘা ধান ক্ষেত নষ্ট করে দিয়েছে হাতির পাল।

# উদ্ধার আগ্নেয়াস্ত্র সহ গুলি, গ্রেপ্তার তিন



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মুর্শিদাবাদ, ৫ অক্টোবর : মুর্শিদাবাদ জেলা পুলিশের স্পেশাল অপারেশন গ্রুপ ও বহরমপুর থানার পুলিশ রবিবার সকালে গোপন সুত্রে খবর পায় যে দুই ব্যক্তি বীরভুম জেলার রামপুরহাট থেকে আগ্নেয়াস্ত্র ও গুলি বিক্রির জন্য বহরমপুর এসেছে। খবর পেয়ে স্পেশাল অপারেশন গ্রুপ ও বহরমপুর থানার পুলিশ যৌথ অভিযান চালিয়ে দুই ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে তাদের হেফাজত থেকে উদ্ধার হয় আটটি আগ্নেয়াস্ত্র, ষোলোটি খালি ম্যাগাজিন,আটটি গুলি, ভারতীয় পাঁচশো টাকার বারোটি জাল নোট ও বিহারের জামালপুর থেকে রামপুরহাট পর্যন্ত একটি রেল টিকিট। উদ্ধার করা সামগ্রী বাজেয়াপ্ত করে আটক দুজনকে গ্রেপ্তার করা হয় ও তাদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করা হয়। মুর্শিদাবাদ জেলার অতিরিক্ত পুলিশ সুপার সাংবাদিক সম্মেলন করে এই খবর দিয়ে জানান ধৃতদের নাম জাহাবুল মন্ডল ও মুকুল মন্ডল তারা মুর্শিদাবাদ থানা এলাকার বাসিন্দা। তাদের জিজ্ঞাসাবাদ করে পুলিশ আরও এক ব্যক্তির সন্ধান পায় ও তাকে আটক করে জিজ্ঞাসাবাদ করে। সেই ব্যক্তি জিজ্ঞাসাবাদে স্বীকার করে সে এই চক্রে জড়িত এবং দুজনকে সে আগ্নেয়াস্ত্র বিক্রির জন্য পাঠিয়েছে। পুলিশ তাকেও গ্রেপ্তার করে। তার নাম হোকদার, সে মুর্শিদাবাদ থানা এলাকার গুঠিয়ার বাসিন্দা। পুলিশ পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে বলে জানিয়েছেন অতিরিক্ত পুলিশ সুপার।

# এক রাতের টানা বৃষ্টিতে বন্যা, শালকুমারহাট এলাকায় আটকে বহু পর্যটক, উদ্ধারে বিপর্যয় মোকাবিলা দল



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ৫ অক্টোবর : শনিবার বিকাল থেকে রাতভর টানা বৃষ্টি ও ভুটান পাহাড়ের বৃষ্টিতে ফুলে ফেঁপে উঠেছে ডুয়ার্সের নদী গুলি। সবকটি নদীর জল বইছে বিপদসীমার উপরে, প্রশাসনের তরফে জারী করা হয়েছে লাল সংকেত। জলদাপাড়া অভয়ারন্য লাগোয়া আলিপুরদুয়ার এক নম্বর ব্লকের শালকুমারহাট এলাকায় শিশামারা নদীর বাঁধ ভেঙ্গে প্লাবিত হয়েছে বিস্তীর্ণ এলাকা। পুজোর মরশুমে আসা বহু পর্যটক আটকে পরেছেন বিভিন্ন রিসর্ট ও হোমস্টে গুলিতে। আলিপুরদুয়ার এর বিধায়ক সুমন কাঞ্জিলাল শালকুমারহাট এলাকায় উপস্থিত থেকে বন্যা পরিস্থিতি পর্যবেক্ষন করছেন। তিনি জানান পর্যটকদের উদ্ধারের জন্য বিপর্যয় মোকাবিলা বাহিনী কাজ করছে। তারা পর্যটকদের নিরাপদ স্থানে পৌঁছে দিচ্ছেন।


# হলি ডে হোম বুকিং




পশ্চিমবঙ্গ সহ ভিন রাজ্যের বিভিন্ন দর্শনীয় ভ্রমণের জায়গায় হোটেল,রিসোর্ট,হোম স্টে সহজেই বুকিং করতে যোগাযোগ করুন “এই যুগ” অফিসে। ফোন নং : ৯০৬২৮৬৭৯২১।


EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT “EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE”,BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |